

বিজিএ/এডমিন./২০২৬/১২৫৫০

২৫ অক্টোবর ২০২৬

যাহার জন্য প্রযোজ্য

বিষয়: বিজিএমইএ নির্বাচনে ভোটাধিকার বহাল রাখতে নিয়মিত ইউডি (UD) সেবা গ্রহণ প্রসঙ্গে।

সম্মানিত সদস্য,

আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, আপনাদের প্রিয় সংগঠন বিজিএমইএ-এর স্বচ্ছতা, সুশাসন এবং সকল সদস্যের সম-অধিকার নিশ্চিত করার লক্ষ্যে গত ২৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত জরুরি সাধারণ সভা (ইজিএম) -এর সংঘবিধিতে (Articles of Association) নতুন ধারা 5(C) যুক্ত করা হয়েছে। এই নতুন ধারাটি সংগঠনের শৃঙ্খলা সুসংহত করতে এবং প্রতিটি প্রকৃত সদস্যের মর্যাদা ও ভোটাধিকার সুরক্ষায় অত্যন্ত কার্যকর ভূমিকা রাখবে।

উক্ত নবসংযোজিত ধারা অনুযায়ী, বিজিএমইএ-এর ভোটার তালিকায় স্থান পাওয়া এবং আসন্ন নির্বাচনে ভোটাধিকার প্রয়োগের যোগ্যতা হিসেবে নিয়মিতভাবে বিজিএমইএ'র সকল সেবাসমূহ—বিশেষ করে সকল UD (Utilization Declaration) সুবিধা বিজিএমইএ থেকে গ্রহণ করা বাধ্যতামূলক করা হয়েছে।

আমাদের রেকর্ডের তথ্য অনুযায়ী আপনার প্রতিষ্ঠানটি দ্বৈত সদস্যপদধারী (অর্থাৎ বিজিএমইএ-এর পাশাপাশি অন্য কোনো সমিতি বা সংস্থা থেকেও সেবা গ্রহণ করছেন)। বিজিএমইএ পরিবারের মূলধারার সাথে আপনাদের সম্পৃক্ততা ও ভোটাধিকার অক্ষুণ্ণ রাখাই আমাদের একান্ত কাম্য। অতএব, আপনার প্রতিষ্ঠানের ভোটাধিকার সুরক্ষার জন্য আগামী ১ নভেম্বর ২০২৬ তারিখ হতে বিজিএমইএ থেকে ইউডি সেবাসহ সকল সেবাসমূহ গ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। অন্যথায়, ইজিএম-এর সিদ্ধান্ত অনুযায়ী আপনার প্রতিষ্ঠান বিজিএমইএ-এর ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে পারবে না এবং আসন্ন নির্বাচনে ভোটাধিকার প্রয়োগের সুযোগ থেকে বঞ্চিত হবেন।

পোশাক খাতের শক্ত ভিত তৈরি এবং বিজিএমইএ-কে আরও শক্তিশালী ও কার্যকর সংগঠনে রূপান্তর করতে আপনার আন্তরিক সহযোগিতা আমাদের একান্ত কাম্য।

আপনার প্রতিষ্ঠানের উত্তরোত্তর সমৃদ্ধি ও সাফল্য কামনা করছি।

ধন্যবাদান্তে

মাহমুদ হাসান খান

সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশে তৈরি •